

≣ কাফ | Qaf | ভ

আয়াতঃ ৫০: ১৮

আরবি মূল আয়াত:

مَا يَلفِظُ مِن قُولٍ إِلَّا لَدَيهِ رَقِيبٌ عَتِيدٌ ﴿ ١٨ ﴾

সে যে কথাই উচ্চারণ করে তার কাছে সদা উপস্থিত সংরক্ষণকারী রয়েছে। — আল-বায়ান যে কথাই মানুষ উচ্চারণ করে (তা সংরক্ষণের জন্য) তার নিকটে একজন সদা তৎপর প্রহরী আছে। — তাইসিরুল মানুষ যে কথাই উচ্চারণ করে তা গ্রহণ করার জন্য তার কাছে সদা প্রস্তুত প্রহরী রয়েছে। — মুজিবুর রহমান Man does not utter any word except that with him is an observer prepared [to record]. — Sahih International

১৮. সে যে কথাই উচ্চারণ করে তার কাছে সদা উপস্থিত সংরক্ষণকারী রয়েছে।

তাফসীরে জাকারিয়া

- (১৮) মানুষ যে কথাই উচ্চারণ করে (তা লিপিবদ্ধ করার জন্য) তৎপর প্রহরী তার নিকটেই রয়েছে। [1]
 - [1] رَقِيْبُ এর অর্থ সংরক্ষণকারী, পর্যবেক্ষক, তত্ত্বাবধায়ক এবং মানুষের কথা ও কাজের জন্য অপেক্ষাকারী। এই এর অর্থ তৎপর, সদা-সর্বদা প্রস্তুত।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4648

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন